

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা


বিষয়: মন্ত্রিপরিষদ সচিব কর্তৃক প্রেরিত আধাসরকারি পত্রের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ।

সূত্র: আধাসরকারি পত্র নং-০৪.০০.০০০০.৭১২.০৬.০১১.১৮-৩১, তারিখ: ১৪ মার্চ, ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আধাসরকারি পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ সচিব মহোদয় কর্তৃক প্রেরিত আধাসরকারি পত্রে সচিব-সভায় এ বিভাগ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের উপর প্রযোজ্য ক্ষেত্রে কার্যক্রম গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, উক্ত আধাসরকারি পত্রের গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের (সংশ্লিষ্ট অংশ) কার্যক্রম গ্রহণপূর্বক এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) ফর্দ।


(মো: আবু জুবাইর হোসেন বাবলু)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫১১৪৩

বিতরণ সদয় কার্যার্থে:

- ০১। সকল উপসচিব/উপপ্রধান, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
০২। আইসিটি কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।

ইউ.ও.নোট নং-২৮.০০.০০০০.০১৩.১৬.০১০.১৮. ২২৫

তারিখ: ২৫ চৈত্র, ১৪২৪
০৮ এপ্রিল ২০১৮



| |
|---------------------------------|
| অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| যুগ্ম-সচিব (প্রশাসন) |
| উপসচিব (প্রশাসন-১/২/৩)/স্বাক্ষর |
| ব্যক্তিগত কর্মকর্তা |
| ডায়েরী নং..... |
| তারিখ:..... |
| অতিরিক্ত সচিব (প্রশাসন) |

| |
|------------------------------------|
| জালালি ও খনিজ সম্পদ বিভাগ |
| সচিবের দপ্তর |
| অতিরিক্ত সচিব (উন্নয়ন/গরিব) |
| অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| অতিরিক্ত সচিব (অপারেশন) |
| অতিরিক্ত সচিব (পরিকল্পনা) |
| যুগ্ম-সচিব-প্রশাসন/উন্নয়ন/অপারেশন |
| ডায়েরী নং..... |
| তারিখ:..... |
| সচিব |

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধাসরকারি পত্রসংখ্যা-০৪.০০.০০০০.৭১২.০৬.০১১.১৮-৩১ তারিখ: ০০ ফাল্গুন ১৪২৪/১৪ মার্চ ২০১৮

প্রিয় সহকর্মী,

গত ৪ মার্চ ২০১৮ তারিখে অনুষ্ঠিত সচিব-সভায় সক্রিয় অংশগ্রহণ এবং গঠনমূলক আলোচনার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাই। এ সভায় আপনি বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে মূল্যবান মতামত প্রদান ও সুপারিশ পেশ করেছেন। সে আলোকে সভায় গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ আপনার অবগতি ও কার্যক্রম গ্রহণের সুবিধার্থে নিম্নে তুলে ধরছিঃ

- ১) সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের সঙ্গে সভা করে সাপ্তাহিক ছুটির দিনে সমুদ্র বন্দর, স্থল বন্দর ও বিমান বন্দরের সকল কার্যক্রম আরও গতিশীল করতে হবে;
- ২) পার্বত্য জেলা, চট্টগ্রাম, কক্সবাজার ও সিলেটসহ যেসব জেলায় পাহাড় ও টিলা রয়েছে সেসব জেলাতে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের প্রতিনিধি নিয়ে কার্যকর পাহাড় ব্যবস্থাপনা কমিটি গঠন করতে হবে;
- ৩) কক্সবাজারের কুঁকিপূর্ণ পাহাড়ি এলাকায় বসবাসরত রোহিঙ্গাদের দ্রুত অন্যত্র সরিয়ে নেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৪) মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার প্রকল্প কাজে সং, দক্ষ ও যোগ্য কর্মকর্তাদের প্রকল্প পরিচালক পদে পদায়ন করতে হবে;
- ৫) সংক্ষিপ্ত বিচার পদ্ধতির মাধ্যমে মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে দ্রুত কার্যকর ব্যবস্থা নেয়ার বিষয়টি পর্যালোচনা করতে হবে;
- ৬) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের জন্য পুলিশ স্টাফ কলেজ ও বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের উদ্যোগ নিতে হবে;
- ৭) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাহীদের আয়েয়াস্ত্র প্রদান করার আইনগত বিষয়টি পর্যালোচনা করতে হবে;
- ৮) জেলা প্রশাসন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও তথ্য অধিদপ্তর সম্মিলিতভাবে মাদকবিরোধী কার্যক্রম জোরদার করবে;
- ৯) সচিবালয়ের ভিতরে ৮ নম্বর ভবনের উত্তর পার্শ্বে নির্মাণাধীন ভবনের কাজ দ্রুততম সময়ের মধ্যে শেষ করতে হবে এবং আগামী জুন মাসের মধ্যে অর্থ বিভাগ নতুন ভবনে স্থানান্তর করার উদ্যোগ গ্রহণ করবে;
- ১০) আগারগাঁওয়ে অবস্থিত ইসলামিক ফাউন্ডেশনের ভবন হতে নির্বাচন কমিশন সচিবালয়ের সরঞ্জামাদি নিজস্ব ভবনে সরিয়ে নেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ কাজে অর্থ বিভাগ প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা নিবে;
- ১১) আন্তঃমন্ত্রণালয় এবং জাতীয় ইস্যুতে কমিটি গঠনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ বিষয়টি যথাযথ প্রক্রিয়ায় মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে কমিটি গঠন করবে;
- ১২) জেলা প্রশাসকদের কোন কমিটিতে অন্তর্ভুক্ত করতে হলে মন্ত্রিপরিষদ বিভাগ হতে পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;
- ১৩) মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের শূন্যপদ পূরণ করতে হবে;


| |
|-----------------|
| প্রশা-১ |
| ডায়েরী নং..... |
| তারিখ:..... |

| |
|-------------------------------|
| যুগ্ম-সচিব (প্রশাসন) এর দপ্তর |
| উপ-সচিব (প্রশাসন) ১/২/৩ |
| তারিখ:..... |
| ডায়েরী নং..... |
| যুগ্ম-সচিব (প্রশাসন) |

- ১৪) মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন যে সকল দপ্তর/সংস্থা/মাঠপর্যায়ের অফিসে ই-নথি কার্যক্রম শুরু হয়নি সে সকল দপ্তরে দ্রুততম সময়ের মধ্যে ই-নথি কার্যক্রম শুরু করতে হবে;
- ১৫) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ সমূহের আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রমের পরিবর্তে নিজ নিজ মন্ত্রণালয়/বিভাগের কার্যক্রমকে প্রাধান্য দিয়ে চ্যালেঞ্জিং লক্ষ্যমাত্রা নির্ধারণ নিশ্চিত করতে হবে;
- ১৬) মন্ত্রণালয়/বিভাগসমূহে তথ্য অধিকার আইনের বিধান অনুসারে স্বপ্রণোদিতভাবে তথ্য প্রকাশের জন্য 'স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা' প্রণয়ন ও নিয়মিত ভাবে বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করতে হবে;
- ১৭) সুশাসন নিশ্চিত করতে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা জোরদার করতে হবে;
- ১৮) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ/মামলা সমূহের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র যথাযথ অনুসরণপূর্বক মামলাসমূহ নিষ্পত্তি করতে হবে।
- ২। সচিব-সভার উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের প্রতি আপনার ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করছি এবং প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,



(মোহাম্মদ শফিউল আলম)

জনাব নাজিম উদ্দিন চৌধুরী
সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ